গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নৌপরিবহন মন্ত্রণালয়
পরিকল্পনা শাখা-২
www.mos.gov.bd

স্মারক নং- ১৮.০০.০০০০.০২৮.১৪.০১২.১৮-৫৬১ তারিখঃ ৩ ডিসেম্বর ২০১৮

বিষয়ঃ "৩৫টি ড্রেজার ও সহায়ক জলযানসহ আনুষঙ্গিক সরঞ্জামাদি সংগ্রহ"-শীর্ষক প্রকল্পের প্রকল্প পরিচালক নিয়োগ কমিটির সভার কার্যবিবরণী প্রেরণ।

নৌপরিবহন মন্ত্রণালয়ের সচিব মহোদয়ের সভাপতিত্বে বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্তৃপক্ষ (বিআইডব্লিউটিএ) কর্তৃক বাস্তবায়নাধীন "৩৫টি ড্রেজার ও সহায়ক জলযানসহ আনুষঙ্গিক সরঞ্জামাদি সংগ্রহ"-শীর্ষক প্রকল্পের প্রকল্প পরিচালক নিয়োগের লক্ষ্যে উন্নয়ন প্রকল্পের প্রকল্প পরিচালক নিয়োগ কমিটির এক সভা গত ২৭ নভেম্বর ২০১৮ তারিখে অনুষ্ঠিত নৌপরিবহন মন্ত্রণালয়ে হয়। উক্ত সভার কার্যবিবরণী সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদসংগে প্রেরণ করা হলো।

৩/১২/২০১৮

সংযুক্তিঃ কার্যবিবরণী।

(এস. এম. শফিকুল ইসলাম)
সিনিয়র সহকারী প্রধান
ফোন- ৯৫৪৬২২২
ac.plann2@mos.gov.bd

**বিতরণঃ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১। সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সচিব, অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (দৃঃআঃ- উপসচিব, বাজেট-১৭)।
৩। সচিব, আইএমইডি, শের-ই-বাংলা নগর, ঢাকা (দৃঃ আঃ- মহাপরিচালক, পরিঃ ও মূল্যাঃ সেক্টর-৮)।
৪। সদস্য, ভৌত অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা।
৫। চেয়ারম্যান, বিআইডব্লিউটিএ, ১৪১-১৪৩, মতিঝিল বা/এ, ঢাকা।
৬। সদস্য (পরিকল্পনা ও পরিচালন), বিআইডব্লিউটিএ, ১৪১-১৪৩, মতিঝিল বা/এ, ঢাকা।
৭। অতিরিক্ত সচিব (উন্নয়ন/সংস্থা-১), নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮। যুগ্মপ্রধান, নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৯। উপপ্রধান, নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০। জনাব মোঃ আবদুল মতিন, প্রধান প্রকৌশলী (ড্রেজিং), বিআইডব্লিউটিএ, ১৪১-১৪৩, মতিঝিল বা/এ, ঢাকা।
১১। জনাব আতাহার আলী সরদার, অতিরিক্ত প্রধান প্রকৌশলী (মেরিন), বিআইডব্লিউটিএ, ঢাকা।
১২। জনাব মোঃ আইয়ুব আলী, তত্ত্বাবধায়ক প্রকৌশলী (যান্ত্রিক), বিআইডব্লিউটিএ, ১৪১-১৪৩, মতিঝিল বা/এ, ঢাকা।

**অনুলিপিঃ**

১। উপ-সচিব (নিরাপত্তা-২), স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সভায় আগতদের বাংলাদেশ সচিবালয়ের ভিতরে প্রবেশের অনুমোতি প্রদানের অনুরোধ করা হলো)।
২। সচিব মহোদয়ের একান্ত সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সিনিয়র সহকারী সচিব, প্রশাসন-১, নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (২০ জনের আপ্যায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো)।
৪। সিস্টেম এনালিষ্ট (আইসিটি), নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েবসাইটে আপলোড করার অনুরোধ করা হলো)।

-৮৫০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নৌপরিবহন মন্ত্রনালয়
পরিকল্পনা শাখা-২

বিআইডব্লিউটিএ কর্তৃক বাস্তবায়নাধীন **"৩৫টি ড্রেজার ও সহায়ক জলযানসহ আনুষঙ্গিক সরঞ্জামাদি সংগ্রহ"** প্রকল্পের প্রকল্প পরিচালক নিয়োগের জন্য প্রকল্প পরিচালক নিয়োগ কমিটির সভার কার্যবিবরণী।

নৌপরিবহন মন্ত্রণালয়ের সচিব জনাব মোঃ আবদুস সামাদ এর সভাপতিত্বে গত ২৭ নভেম্বর ২০১৮ তারিখে বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্তৃপক্ষ (বিআইডব্লিউটিএ) কর্তৃক বাস্তবায়নাধীন **"৩৫টি ড্রেজার ও সহায়ক জলযানসহ আনুষঙ্গিক সরঞ্জামাদি সংগ্রহ"**-শীর্ষক প্রকল্পের প্রকল্প পরিচালক নিয়োগের জন্য প্রকল্প পরিচালক নিয়োগ কমিটির এক সভা অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা পরিশিষ্ট 'ক' তে দ্রষ্টব্য।

২.০। উপস্থাপনাঃ

২.১। সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে নৌপরিবহন মন্ত্রণালয়ের যুগ্মপ্রধান উল্লেখ করেন যে, বিআইডব্লিউটিএ কর্তৃক বাস্তবায়নাধীন "৩৫টি ড্রেজার ও সহায়ক জলযানসহ আনুষঙ্গিক সরঞ্জামাদি সংগ্রহ"-শীর্ষক প্রকল্পটি গত ২৩ অক্টোবর ২০১৮ তারিখে অনুষ্ঠিত একনেক সভায় অনুমোদিত হয়। প্রকল্পটি সম্পূর্ণ জিওবি অর্থায়নে মোট ৪৪৮৯০৩.৪২ লক্ষ (চার হাজার চারশত উননব্বই কোটি তিন লক্ষ বিয়াল্লিশ) টাকা প্রাক্কলিত ব্যয়ে ০১ অক্টোবর ২০১৮ থেকে ৩০ জুন ২০২৩ পর্যন্ত মেয়াদে বাস্তবায়নের জন্য অনুমোদিত হয়েছে। আলোচ্য প্রকল্পটির মূল উদ্দেশ্য হলো- অভ্যন্তরীণ নৌ-পথের ১০০টি নদী খনন করে প্রায় ৮০০০ কিঃমিঃ নৌ-পথের নাব্যতা উন্নয়ন ও সংরক্ষণের মাধ্যমে দেশের অভ্যন্তরীণ নৌ-রুট ও ফেরি রুটসমূহে সারা বছর ফেরি, লঞ্চ, কার্গো ভেসেল ও অন্যান্য নৌযান নির্বিঘ্নে চলাচলের উপযোগী করা এবং ক্রমবর্ধমান ড্রেজিং চাহিদা মিটানোর লক্ষ্যে বিআইডব্লিউটিএ'র ড্রেজিং সক্ষমতা বৃদ্ধি করা।

২.২। সভাপতির অনুমতিক্রমে বিআইডব্লিউটিএ'র চেয়ারম্যান আলোচ্য প্রকল্পের প্রকল্প পরিচালক নিয়োগের জন্য জীবন বৃত্তান্তসহ বিআইডব্লিউটিএ হতে নিম্নলিখিত ৩ জন কর্মকর্তার নাম প্রস্তাব করেনঃ

| ক্রম | নাম, পদবী ও কর্মস্থল |
|---|---|
| ক) | জনাব মোঃ আবদুল মতিন, প্রধান প্রকৌশলী (ড্রেজিং), বিআইডব্লিউটিএ |
| খ) | জনাব আতাহার আলী সরদার, অতিরিক্ত প্রধান প্রকৌশলী (মেরিন), বিআইডব্লিউটিএ |
| গ) | জনাব মোঃ আইয়ুব আলী, তত্ত্বাবধায়ক প্রকৌশলী (যান্ত্রিক), বিআইডব্লিউটিএ |

৩.০। আলোচনাঃ

৩.১। বিআইডব্লিউটিএ'র চেয়ারম্যান বলেন যে, আলোচ্য প্রকল্পটি একটি গুরুত্বপূর্ণ প্রকল্প। আলোচ্য প্রকল্পে প্রস্তাবিত ৩৫টি ড্রেজার সংগৃহীত হলে বিআইডব্লিউটিএ'র বার্ষিক ড্রেজিং ক্ষমতা দাঁড়াবে ৬৭২.১০ লক্ষ ঘনমিটার। এর ফলে বিআইডব্লিউটিএ'র বার্ষিক ড্রেজিং চাহিদার (১৬৫৫.১০ লক্ষ ঘনমিটার) ৭০.৮১% পূরণ করা সম্ভব হবে। প্রকল্পের আওতায় বিভিন্ন সাইজের ৩৫টি ড্রেজারসহ ৩৫টি ক্রেনবোট, ৫টি অফিসার হাউজবোট, ৩০টি ক্রু-হাউজবোট, ১৫টি পাইপ কেরিং ডার্ম্ব বার্জ, বিভিন্ন ক্ষমতার বোলার্ড পুলের ১৭টি টাগবোট, ৬টি সার্ভে ওয়ার্কবোট (ক্যাটামেরিন টাইপ), ৪টি সার্ভে এ্যালুমিনিয়াম ওয়ার্কবোট, ৫টি এম্ফিবিয়ান এক্সক্যাভেটর, ১২টি লং বুম এক্সক্যাভেটর এবং ১২টি ফর্ক লিফটসহ আরো অন্যান্য জলযান সংগ্রহের সংস্থান রয়েছে। তাই প্রকল্পটি যথাযথভাবে বাস্তবায়ন করা খুবই চ্যালেঞ্জিং। সেজন্য উক্ত প্রকল্পের জন্য একজন ভালো, দক্ষ ও সংশ্লিষ্ট বিষয়ে কারিগরিভাবে অভিজ্ঞ একজন কর্মকর্তাকে প্রকল্প পরিচালক নিয়োগ করা প্রয়োজন মর্মে তিনি সভায় অভিমত ব্যক্ত করেন।

চলমান পাতা # ২

৩.২। ভৌত অবকাঠামো বিভাগের প্রতিনিধি সভাকে জানান যে, কারিগরি দিক বিবেচনায় প্রকল্পটি বিশেষ ধরণের, তাই আলোচ্য প্রকল্পে পেশাগত ও কারিগরি জ্ঞানসম্পন্ন একজন কর্মকর্তাকে প্রকল্প পরিচালক হিসাবে নিয়োগ দেয়া সমীচীন হবে, অন্যথায় প্রকল্পটি যথাযথভাবে বাস্তবায়ন করা সম্ভব নাও হতে পারে। এছাড়া, জনপ্রশাসন মন্ত্রণালয়ে সংশ্লিষ্ট বিষয়ে পর্যাপ্ত পেশাগত ও কারিগরি জ্ঞানসম্পন্ন কর্মকর্তা নাও থাকতে পারে, তাই বিআইডব্লিউটিএ হতে সংশ্লিষ্ট বিষয়ে পেশাগত ও কারিগরি জ্ঞানসম্পন্ন একজন কর্মকর্তা-কে প্রকল্প পরিচালক হিসাবে নিয়োগ দেয়ার বিষয়ে তিনি সভায় অভিমত ব্যক্ত করেন। উক্ত প্রেক্ষিতে বিআইডব্লিউটিএ'র চেয়ারম্যান বলেন, প্রকল্পটি সুষ্ঠুভাবে ও যথাযথভাবে বাস্তবায়নের ক্ষেত্রে বিআইডব্লিউটিএ'র বিভিন্ন বিভাগের সহযোগিতার প্রয়োজন হবে। এছাড়া, বর্তমানে বিআইডব্লিউটিএ-তে কর্মকর্তার স্বল্পতা রয়েছে এবং বেশ কয়েকটি পূর্ত নির্মাণ সংক্রান্ত প্রকল্প বিআইডব্লিউটিএ কর্তৃক বাস্তবায়িত হচ্ছে, যেখানে সংস্থার উর্ধ্বতন প্রকৌশলীগণ প্রকল্প পরিচালক হিসেবে কর্মরত আছেন। বেশ কিছু প্রকল্প বিআইডব্লিউটিএ কর্তৃক বাস্তবায়নের লক্ষ্যে অনুমোদনের জন্য প্রক্রিয়াধীন রয়েছে। তিনি জনাব মোঃ আবদুল মতিন, প্রধান প্রকৌশলী (ড্রেজিং), বিআইডব্লিউটিএ-কে আলোচ্য প্রকল্পে অতিরিক্ত দায়িত্ব হিসাবে প্রকল্প পরিচালক হিসেবে নিয়োগের প্রস্তাব করেন। যেহেতু, জনাব মোঃ আবদুল মতিন, প্রধান প্রকৌশলী (ড্রেজিং), বিআইডব্লিউটিএ নিজ দায়িত্বের অতিরিক্ত হিসাবে বর্তমানে "২০টি ড্রেজার ও সহায়ক জলযানসহ আনুষঙ্গিক সরঞ্জামাদি সংগ্রহ"-শীর্ষক প্রকল্পের প্রকল্প পরিচালকের দায়িত্ব পালন করছেন, তাই এ প্রকল্পে জনাব আতাহার আলী সরদার, অতিরিক্ত প্রধান প্রকৌশলী (মেরিন), বিআইডব্লিউটিএ-কে এবং "১০টি ড্রেজার, ক্রেনবোট, টাগবোট, অফিসার্স হাউসবোট ও ক্রু-হাউসবোটসহ অন্যান্য সহায়ক সরঞ্জাম/যন্ত্রপাতি সংগ্রহ"-শীর্ষক প্রকল্পে জনাব মোঃ আইয়ুব আলী, তত্ত্বাবধায়ক প্রকৌশলী (যান্ত্রিক), বিআইডব্লিউটিএ-কে নিজ দায়িত্বের অতিরিক্ত হিসাবে প্রকল্প পরিচালক হিসাবে নিয়োগের প্রস্তাব করেন। সভায় এ বিষয়ে একমত পোষণ করা হয়।

৩.৩। আলোচনায় অংশ নিয়ে নৌপরিবহন মন্ত্রণালয়ের যুগ্ম প্রধান বলেন যে, চলমান প্রকল্পের (২০ ড্রেজার ও ১০ ড্রেজার) কার্যক্রমসমূহ নতুন প্রকল্প পরিচালকদের নিকট যথাযথভাবে হস্তান্তর করা জরুরি। তিনি আরো বলেন যে, ২০ ড্রেজার ও ১০ ড্রেজার প্রকল্পের প্রকল্প পরিচালকগণ কর্তৃক নতুন প্রকল্প পরিচালকদের যথাযথ কারিগরি সহায়তা ও Institutional Memory শেয়ার করা আবশ্যক, অন্যথায় প্রকল্পসমূহ নির্ধারিত সময়ে সুষ্ঠুভাবে সমাপ্ত করা সম্ভব হবে না।

৪.০। <u>সিদ্ধান্ত/সুপারিশঃ</u> বিস্তারিত আলোচনার পর সভায় নিম্নবর্ণিত সিদ্ধান্ত/সুপারিশ গৃহীত হয়ঃ

৪.১। বিস্তারিত আলোচনার পর সভায় নিম্নবর্ণিতভবে অতিরিক্ত দায়িত্ব হিসাবে প্রকল্প পরিচালক নিয়োগের বিষয়ে সর্বসম্মতভাবে সুপারিশ করা হয়ঃ

| | প্রকল্পের নাম | সুপারিশকৃত প্রকল্প পরিচালক |
|---|---|---|
| ৪.১.১। | "৩৫টি ড্রেজার ও সহায়ক জলযানসহ আনুষঙ্গিক সরঞ্জামাদি সংগ্রহ" প্রকল্প | জনাব মোঃ আবদুল মতিন,<br>প্রধান প্রকৌশলী (ড্রেজিং),<br>বিআইডব্লিউটিএ |
| ৪.১.২। | "২০টি ড্রেজার ও সহায়ক জলযানসহ আনুষঙ্গিক সরঞ্জামাদি সংগ্রহ" প্রকল্প | জনাব আতাহার আলী সরদার,<br>অতিরিক্ত প্রধান প্রকৌশলী (মেরিন),<br>বিআইডব্লিউটিএ |

চলমান পাতা # ৩

| | | |
|---|---|---|
| ৪.১.৩। | "১০টি ড্রেজার, ক্রেনবোট, টাগবোট, অফিসার্স হাউসবোট ও ক্রু-হাউসবোটসহ অন্যান্য সহায়ক সরঞ্জাম/যন্ত্রপাতি সংগ্রহ" প্রকল্প | মোঃ আইয়ুব আলী, তত্ত্বাবধায়ক প্রকৌশলী (যান্ত্রিক), বিআইডব্লিউটিএ |

৪.২। চলমান প্রকল্পের (২০ ড্রেজার ও ১০ ড্রেজার) কার্যক্রমসমূহ নতুন প্রকল্প পরিচালকদের নিকট যথাযথভাবে হস্তান্তর করতে হবে। ২০ ড্রেজার ও ১০ ড্রেজার প্রকল্পের প্রকল্প পরিচালকগণ নতুন প্রকল্প পরিচালকদের যথাযথ কারিগরি সহায়তা ও Institutional Memory শেয়ার করবেন যাতে প্রকল্পসমূহ নির্ধারিত সময়ে সুষ্ঠু ও যথাযথভাবে সমাপ্ত করা সম্ভব হয়।

৫.০। আর কোনো আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(মোঃ আবদুস সামাদ)
সচিব

/১১/২০১৮তারিখে অনুষ্ঠিতব্য "৩৫টি ড্রেজার ও সহায়ক জলযানসহ আনুষঙ্গিক সরঞ্জামাদি সংগ্রহ এবং প্রয়োজনীয় অবকাঠামো নির্মাণ"-
ার্ষিক প্রকল্পের প্রকল্প পরিচালক নিয়োগের লক্ষ্যে উন্নয়ন প্রকল্পের প্রকল্প পরিচালক নিয়োগ কমিটির সভায় উপস্থিত কর্মকর্তাদের নামের তালিকাঃ

| ক্রঃ নং | নাম ও পদবী | মন্ত্রণালয়/বিভাগ/সংস্থার নাম | টেলিফোন নং | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১। | [illegible] অতিরিক্ত সচিব | [illegible] | ০২৭৯২২৫০৭৬৫৮ | [signature] |
| ২। | আনোয়ার [illegible] অতি: সচিব | [illegible] | 01715017135 | [signature] ২৭/১১ |
| ৩। | [illegible] | চেয়ারম্যান BIWTA | 01968390000 | [signature] |
| ৪। | মো: [illegible] ইসলাম সদস্য (পরিকল্পনা ও [illegible]) | BIWTA | 01759518624 | [signature] ২৭/১১/১৮ |
| ৫। | মো: হাসানুল মতিন DS | FD | 01710959244 | [signature] 27.11.2018 |
| ৬। | মো: [illegible] উদ্দিন সি: সহকারী প্রধান | ভৌত অবকাঠামো বিভাগ পরিকল্পনা কমিশন | 01912077169 | [signature] 27.11.18 |
| ৭। | ড. মো: হুমায়ুন কবীর যুগ্ম সচিব (নিবাসম) | জনপ্রশাসন মন্ত্রণালয় | 01712692089 | [signature] ২৭.১১.১৮ |
| ৮। | [illegible] যুগ্ম প্রধান | [illegible] | 01714161329 | [signature] ২৭.১১.২০১৮ |
| ৯। | মো: ওবায়দুল হক উপ-প্রধান | [illegible] | 01550600562 | [signature] ২৭/১১/১৮ |
| ১০। | মুহাম্মদ [illegible] হাসান উপ- পরিচালক | আইএমইডি | 01718439394 | [signature] ২৭.১১.১৮ |
| ১১। | এস.এম. আমিনুল ইসলাম | সি: সহ: প্রধান | 01715580401 | [signature] ২৭/১১/২০১৮ |
| ১২। | | | | |
| ১৩। | | | | |
| ১৪। | | | | |